ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭৬৬

আগরতলা, ৬ সেপ্টেম্বর, ২০২৫

**নির্বাচন দপ্তরের কর্মরত সকল**
**স্তরের কর্মীদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত**

আসন্ন ভোটার তালিকার সংশোধন এর প্রক্রিয়াকে সুচারুভাবে সম্পন্ন করার জন্য নির্বাচন দপ্তরের কর্মরত সকল স্তরের কর্মীদের নিয়ে আজ প্রজ্ঞাভবনে নির্বাচন দপ্তরের উদ্যোগে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালার উদ্বোধন করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ব্রিজেশ পান্ডে। এই কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, এই কর্মশালার মূল উদ্দেশ্য হল ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রকাশ এবং সংশ্লিষ্ট আইনী বিধান সম্পর্কে অবগত করা। এই লক্ষ্যে নির্বাচন কমিশন ও প্রতিনিয়ত বিভিন্ন কর্মশালার আয়োজন করে থাকে। তিনি আরও বলেন, এ ধরণের কর্মশালতে প্রশিক্ষিত হয়ে কর্মীরা নিজ নিজ জেলা ও মহকুমায় ভোটার তালিকার কাজ সুচারু রূপে সম্পূর্ণ করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই কর্মশালায় এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক ইউ জে মগ এবং আন্যান্য আধিকারিকগণ।

******